



"শিক্ষা নিয়ে গড়ব দেশ"
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-৩
(www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৮৫.৬৭.০২৭.১৫(অংশ-১)-১৮

তারিখ: ২৮ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার জামেয়া অদুদিয়া সুন্নিয়া ফাজিল মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব আবুল বশর সিদ্দিকী এর ঔদ্বৃত্ত্যপূর্ণ ও দাস্তিক আচরণের জন্য তাঁর এমপিও সাময়িকভাবে স্থগিত করাসহ আত্মসাতকৃত অর্থ ফেরত সংক্রান্ত।

- সূত্র: ১. টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.৬৭.০২৭.১৫(অংশ-১)-৪০২, তারিখ: ২৮.১০.১৮খ্রি।
২. টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.৬৭.০২৭.১৫(অংশ-১)-৬৪, তারিখ: ১৪.০৫.১৯খ্রি।
৩. ডিএমই এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.১৭.০০১.১৮.২৮৯, তারিখ: ০২.১২.১৯খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার জামেয়া অদুদিয়া সুন্নিয়া ফাজিল মাদ্রাসার প্রভাষক জনাব জাকের আহমদ জাল জালিয়াতি, প্রতারণা এবং তথ্য গোপনের মাধ্যমে উপাধ্যক্ষ পদে এমপিওভুক্তির অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর এমপিও এ বিভাগের সূত্রস্থ ১নং স্মারকে সাময়িকভাবে বন্ধ করা হয়।


০২. পরবর্তীতে উক্ত মাদ্রাসার উপাধ্যক্ষ জনাব জাকের আহমদ এর আবেদন, সংশ্লিষ্ট মাদ্রাসার সভাপতির পত্র এবং আদালতের রায় পর্যালোচনাক্রমে বিবেচ্য বিষয়ে মতামতসহ স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন দেয়ার জন্য সূত্রস্থ ২নং স্মারকে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়।

০৩. সূত্রস্থ ২নং স্মারকের নির্দেশনা মতে ডিএমই এর ০২ জন কর্মকর্তা (পরিদর্শক) কর্তৃক প্রভাষক জনাব জাকের আহমেদ এর বিষয়ে তদন্তক্রমে তদন্ত প্রতিবেদন সূত্রস্থ ৩নং স্মারকের মাধ্যমে তদন্ত প্রতিবেদন টিএমইডিতে প্রেরণ করা হয়েছে।

০৪. এ বিষয়ে তদন্তকারী কর্মকর্তাদ্বয় নিম্নবর্ণিত সুপারিশ প্রদান করেছেন:

- (ক) উপাধ্যক্ষ পদে জনাব জাকের আহমদকে উপাধ্যক্ষ পদের দায়িত্ব পালন করার সুযোগ দেয়া আবশ্যিক।
(খ) উপাধ্যক্ষের স্থগিতকৃত এমপিও চালু করা আবশ্যিক।
(গ) নিয়মিত অধ্যক্ষ নিয়োগ না হওয়া পর্যন্ত জনাব জাকের আহমদকে বিধি মোতাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব দেয়া আবশ্যিক।
(ঘ) বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব আবুল বশর সিদ্দিকী এর ঔদ্বৃত্ত্যপূর্ণ ও দাস্তিকতাপূর্ণ আচরণের জন্য তার বেতন ভাতাদি (এমপিও) স্থগিত করা আবশ্যিক।
(ঙ) যেহেতু মাদ্রাসার টাকা বর্তমানে সভাপতির দায়িত্ব পালনকারী জনাব প্রফেসর আহমদ হোসেন (গভর্নিং বডি বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত নয়) এবং ভারপ্রাপ্ত জনাব আবুল বশর সিদ্দিকী কর্তৃক আত্মসাৎ করা হয়েছে এবং ক্রমাগত আত্মসাৎ করছেন সেহেতু তাঁদের কাছ থেকে আত্মসাতের টাকা ফেরত আনার ব্যবস্থা করা আবশ্যিক।
(চ) প্রশাসনের লোক গভর্নিং বডির সভাপতি করা আবশ্যিক।
(ছ) বর্তমান গভর্নিং বডি বাতিল করা আবশ্যিক।
(জ) জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসককে সভাপতি করে নিয়মিত গভর্নিং বডি তৈরী করে অধ্যক্ষ নিয়োগ করা আবশ্যিক।

০৫. এমতাবস্থায়, তদন্তকারী কর্মকর্তাদ্বয়ের সুপারিশের আলোকে (অনুচ্ছেদ ০৪ এর 'ঘ') চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার জামেয়া অদুদিয়া সুন্নিয়া ফাজিল মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব আবুল বশর সিদ্দিকী এর ঔদ্বৃত্ত্যপূর্ণ ও দাস্তিক আচরণের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর, ২০২০ পর্যন্ত সংশোধিত) এর অনুচ্ছেদ ১৮.২(ক) মোতাবেক তাঁর এমপিও সাময়িকভাবে স্থগিত করাসহ আত্মসাতকৃত অর্থ ফেরত আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


সহকারী সচিব (মাদ্রাসা-৩)
১৫৪৫৭২০

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গার্লস গাইস হাউস (৭ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা।

অনুলিপি:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩) অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) অফিস কপি।